



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/16/2023

গভর্নর ক্যাথি হোকল

বিরল ভিব্রিও ভালনিফিকাস ব্যাকটেরিয়ায় আক্রান্ত সাফোক কাউন্টিতে মৃত্যুর পরে,
গভর্নর হোকল জনস্বাস্থ্য সতর্কতা এবং চলমান প্রস্তুতি প্রচেষ্টা সম্পর্কে নিউ
ইয়র্কবাসীকে আপডেট করেছেন

*নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ কেসগুলোর চিকিৎসা এবং শনাক্তকরণের সর্বোত্তম
অনুশীলন সম্পর্কে প্রদানকারীদের নির্দেশিকা জারি করেছে*

*ভিব্রিও ভালনিফিকাস ব্যাকটেরিয়া, যা ত্বকের ভাঙ্গন এবং আলসার সৃষ্টি করতে পারে,
সাফোক কাউন্টির সম্প্রতি একজন মৃত ব্যক্তির মধ্যে শনাক্ত করা হয়েছে*

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ভিব্রিওসিস, একটি বিরল তবে সম্ভাব্য মারাত্মক ব্যাকটেরিয়া সংক্রমণ যা ত্বকের ভাঙ্গন এবং আলসার সৃষ্টি করতে পারে, সাফোক কাউন্টির সম্প্রতি একজন মৃত ব্যক্তির মধ্যে শনাক্ত করা হয়েছে। কানেকটিকাটে ভিব্রিওসিসের মারাত্মক কেসগুলোও শনাক্ত করা হয়েছে। গভর্নর নিউ ইয়র্কবাসীকে কীভাবে এক্সপোজার এড়াতে এবং যথাযথ সতর্কতা অবলম্বন করতে হয় তা শিখতে আহ্বান জানিয়েছেন, কারণ নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ প্রদানকারীদের ক্ষত সংক্রমণ বা অজানা উৎসের সেপসিস নির্ণয়ের সময় ভিব্রিওসিস বিবেচনা করার কথা স্মরণ করিয়ে দিয়েছে।

“বিরল হলেও দুর্ভাগ্যবশত ভিব্রিও ব্যাকটেরিয়া এই অঞ্চলে প্রবেশ করেছে এবং এটি অত্যন্ত বিপজ্জনক হতে পারে,” **গভর্নর হোকল বলেন।** “আমরা আরো তদন্ত করার সাথে সাথে এটি গুরুত্বপূর্ণ যে সকল নিউ ইয়র্কবাসী সতর্ক থাকে এবং নিজেদের ও তাদের প্রিয়জনকে সুরক্ষিত রাখার জন্য দায়িত্বশীল সতর্কতা অবলম্বন করে, যার মধ্যে সমুদ্রের জল থেকে খোলা ক্ষতগুলো রক্ষা করা এবং যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম রয়েছে তাদের জন্য, কাঁচা বা কম রান্না করা শেলফিশ এড়ানো যা ব্যাকটেরিয়া বহন করতে পারে।”

ভিব্রিওসিস বেশ কয়েকটি প্রজাতির ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট হয়, যার মধ্যে রয়েছে ভিব্রিও ভালনিফিকাস ব্যাকটেরিয়া, যা প্রাকৃতিকভাবে লবণাক্ত জলের উপকূলীয় পরিবেশে ঘটে এবং আবহাওয়া উষ্ণ হলে মে থেকে অক্টোবর পর্যন্ত উচ্চ ঘনত্বে পাওয়া যায়। ডায়রিয়া, পেটে ক্র্যাম্প, বমি, জ্বর এবং ঠাণ্ডা লাগা সহ ভিব্রিওসিসের সংক্রমণের ফলে বিভিন্ন উপসর্গ দেখা দিতে পারে। এক্সপোজারের ফলে কানের সংক্রমণও হতে পারে এবং সেপসিস ও প্রাণঘাতী ক্ষত সংক্রমণের কারণ হতে পারে।

নিউ ইয়র্কের জলে বা অন্য কোথাও ব্যাকটেরিয়াটি দেখা গেছে কিনা তা নির্ধারণের জন্য সাফোক কাউন্টিতে মৃত্যুর বিষয়টি এখনও তদন্ত করে দেখা হচ্ছে। এদিকে, নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ এই সপ্তাহে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের গুরুতর ক্ষত সংক্রমণ বা সেপসিসে আক্রান্ত ব্যক্তিদের ক্ষত সংক্রমণের সাথে বা ছাড়াই দেখার সময় ভিবিও ভ্যালনিফিকাস বিবেচনা করার কথা স্মরণ করিয়ে দিয়েছে।

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "আমরা প্রদানকারীদের ভিবিওসিসের ক্ষেত্রে নজর রাখার কথা স্মরণ করিয়ে দিচ্ছি, যা প্রায়শই প্রথম রোগ নির্ণয় নয় যা মনে আসে। আমরা নিউ ইয়র্কবাসীদের পরামর্শ দিচ্ছি যে আপনার যদি ক্ষত থাকে তবে আপনার উষ্ণ সমুদ্রের জলে সাঁতার কাটা এড়াতে হবে। আর, যদি আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকে তাহলে আপনার কাঁচা সামুদ্রিক খাবার পরিচালনা করা বা খাওয়া এড়াতে হবে যা ব্যাকটেরিয়াও বহন করতে পারে।"

সাফোক কাউন্টির নির্বাহী স্টিভ বেলোন বলেন, "যদিও আমরা এই বিরল সংক্রমণের উৎস অনুসন্ধান চালিয়ে যাচ্ছি, তবে বাসিন্দাদের সতর্কতা অবলম্বনের বিষয়ে সচেতন ও সতর্ক থাকা গুরুত্বপূর্ণ। বরাবরের মতো, যদি কোনো বাসিন্দার স্বাস্থ্যের উদ্বেগ থাকে তাহলে আমরা তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করতে উৎসাহিত করি।"

যে কেউ ভিবিওসিস পেতে পারে, তবে লিভারের রোগ, ক্যান্সার বা দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থা বা পেটের অ্যাসিডের মাত্রা হ্রাস করার জন্য ওষুধ সেবনকারী ব্যক্তিদের সংক্রামিত হওয়ার সময় সংক্রমণ বা জটিলতা হওয়ার সম্ভাবনা বেশি থাকে।

ভিবিওসিস প্রতিরোধে সহায়তা করার জন্য, ক্ষতযুক্ত ব্যক্তির, যেমন কাটা বা স্ক্র্যাপ, সাম্প্রতিক ছিদ্র বা ট্যাটু, উপকূলীয় পরিবেশে উষ্ণ সমুদ্রের জলে ত্বককে উন্মুক্ত করা এড়াতে হবে বা জলরোধী ব্যান্ডেজ দিয়ে ক্ষতটি ঢেকে দিতে হবে। উপরন্তু, যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা কমে গেছে তাদের কাঁচা বা কম রান্না করা শেলফিশ যেমন ঝিনুক খাওয়া এড়াতে হবে, যা ব্যাকটেরিয়া বহন করতে পারে। কাঁচা শেলফিশ পরিচালনা করার সময় গ্লাভস পরুন এবং শেষ হয়ে গেলে সাবান ও জল দিয়ে আপনার হাত ভালোভাবে ধুয়ে ফেলুন।

ভিবিওসিস সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে

(<https://www.health.ny.gov/diseases/communicable/vibriosis/index.htm>)।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418